

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭২৯

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (كتاب الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - জনগণের প্রতি শাসকের সহনশীলতা প্রদর্শন করা

আরবী

عَنْ أَبِي الشَّمَّاخِ الْأَزْدِيِّ عَنِ ابْنِ عَمِّ لَهُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ أَتَى
مُعَاوِيَةَ فَدَخَلَ عَلَيْهِ فَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ وَلَيَ مِنْ
أَمْرِ النَّاسِ شَيْئًا ثُمَّ أَغْلَقَ بَابَهُ دُونَ الْمُسْلِمِينَ أَوْ الْمَظْلُومِ أَوْ ذِي الْحَاجَةِ أَغْلَقَ اللَّهُ دُونَهُ
أَبْوَابَ رَحْمَتِهِ عِنْدَ حَاجَتِهِ وَفَقْرِهِ أَفْقَرَ مَا يَكُونُ إِلَيْهِ»

বাংলা

৩৭২৯-[৮] আবু শাম্মাখ আল আযদী (রহঃ) তার এক চাচাতো ভাই হতে বর্ণনা করেন। যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী ছিলেন। একদিন তিনি মু'আবিয়াহ্ (রাঃ)-এর নিকট গিয়ে বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তিকে মানুষের কোনো কাজের তত্ত্বাবধায়ক নিযুক্ত করা হয়। অতঃপর সে মুসলিম, মাযলূম অথবা দুষ্ট লোকেদের জন্য তার প্রবেশদ্বার বন্ধ করে রাখেন, আল্লাহ তা'আলাও তার প্রয়োজন বন্ধ করে দেবেন যখন সে চরম অভাবে নিপত্তি হবে। (বাযহাকী- শু'আবুল ঈমান)[১]

ফুটনোট

[১] হাসান : শু'আবুল ঈমান ৬৯৯৯, আহমাদ ৩/৮৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি পূর্বের হাদীসের সাথে খুবই সামঞ্জস্যশীল। দুনিয়ার কোনো নেতা তার অধিনস্থদের ওপর অত্যাচার করলে তার শাস্তি সে কিয়ামতে অবশ্যই পাবে। কাউকে তার অধিকার থেকে বঞ্চিত করলে কিয়ামতের দিন আল্লাহ তাকে বঞ্চিত করবেন। মহান আল্লাহ বলেন, “সাবধান! তারা সেদিন তাদের রবের থেকে আড়ালে থাকবে”- (সূরা আল মুতাফিফিন ৮৩ : ১৫)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69056>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন